গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৪.২১. ৫২০

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১

**অভিযোগনামা**

আপনি সৈয়দ আজিমুশ্বান নূরী (২৩৯১৬), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।

যেহেতু, আপনি কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)-এর আওতায়, ইউনিভারসিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাসে বিগত ১০-২৯ মার্চ ২০১৯ খ্রি. পর্যন্ত মেয়াদে এম এ ইন এডুকেশন প্রশিক্ষণ কোর্সের ১ম সেমিষ্টারে অংশগ্রহণ করে দু'টি মডিউলে উত্তীর্ণ হন। কিন্তু প্রশিক্ষণের ধারাবাহিকতায় ২য় সেমিষ্টারে অংশগ্রহণ বাধ্যতামূলক হলেও আপনি ১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. হতে ০১ মার্চ ২০২০ খ্রি. পর্যন্ত মেয়াদের সেমিষ্টার অংশগ্রহণ করেননি। আপনি এ বিভাগ হতে সরকারি বৈদেশিক প্রেষণাদেশ নং-৩৭.০০.০০০.৬৯.১৯.০০৫.১৭.১৮৯.১৮৯১, তারিখ: ২৮ ডিসেম্বর ২০১৯ অনুযায়ী UK তে অবস্থিত University of Dundee হতে গত ২০ জানুয়ারি ২০২০ খ্রি. থেকে ১৯ জানুয়ারি ২০২১ খ্রি. ০১ (এক) বছর মেয়াদের MSc International Business কোর্স ফেস টু ফেস মোডে সম্পন্ন করেছেন এবং সরকারি অর্থে একটি বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণরত অবস্থায় অবৈধভাবে একই সাথে অন্য একটি বৈদেশিক শিক্ষা কার্যক্রম অংশগ্রহণ করেছেন। যে কারণে ১ম কোর্স অসমাপ্ত হওয়ায় সরকারি অর্থের অপচয় হয়েছে;

যেহেতু, ১ম কোর্সের জন্য প্রশিক্ষণার্থী হিসেবে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করা হয়; যেখানে বলা হয়েছে যে, প্রশিক্ষণার্থী ইউএনএমসির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার মাধ্যমে M A in Education এর পুরো কোর্স সম্পন্ন করবেন এবং এর ব্যত্যয় হলে গ্রহণকৃত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। আপনার বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করলে আপনার কোন আপত্তি থাকবে না। আপনি চলমান একটি বৈদেশিক কোর্সে অংশগ্রহণ করে তা সম্পন্ন না করে তথ্য গোপন করে অন্য একটি বৈদেশিক শিক্ষা কার্যক্রম অংশগ্রহণ করেছেন যা সরকারি কর্মচারী শৃঙ্খলা বিধিমালার সুস্পষ্ট লঙ্ঘন।

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধি ৪(১) এর আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১) (খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

(মোঃ মাহবুব হোসেন) ০৮/৯/২১
সচিব

**স্থায়ী ঠিকানা:**
সৈয়দ আজিমুশ্বান নূরী
পিতা- সৈয়দ ফজলুল হক নূরী, মাতা-আয়েশা ছিদ্দিকা
গ্রাম-সিঙ্গিমারী খোদারপাড়া, ডাকঘর-দিনাজপুর
থানা-দিনাজপুর, জেলা-দিনাজপুর।

**বর্তমান কর্মস্থল:**
সৈয়দ আজিমুশ্বান নূরী (২৩৯১৬)
সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।

অনুলিপি:
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

সৈয়দ আজিমুশ্বান নূরী (২৩৯১৬), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।

যেহেতু, তিনি কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)-এর আওতায়, ইউনিভারসিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাসে বিগত ১০-২৯ মার্চ ২০১৯ খ্রি. পর্যন্ত মেয়াদে এম এ ইন এডুকেশন প্রশিক্ষণ কোর্সের ১ম সেমিষ্টারে অংশগ্রহণ করে দুটি মডিউলে উর্ত্তীর্ণ হন। কিন্তু প্রশিক্ষণের ধারাবাহিকতায় ২য় সেমিষ্টারে অংশগ্রহণ বাধ্যতামূলক হলেও তিনি ১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. হতে ০১ মার্চ ২০২০ খ্রি. পর্যন্ত মেয়াদের সেমিষ্টার অংশগ্রহণ করেননি। আপনাকে এ বিভাগ হতে সরকারি বৈদেশিক প্রেষণাদেশ নং-৩৭.০০.০০০০.৬৯.১৯.০০৫.১৭.১৮৯.১৮৯১, তারিখ: ২৮ ডিসেম্বর ২০১৯ অনুযায়ী UK তে অবস্থিত University of Dundee হতে গত ২০ জানুয়ারি ২০২০ খ্রি. থেকে ১৯ জানুয়ারি ২০২১ খ্রি. ০১ (এক) বছর মেয়াদের MSc International Business কোর্স ফেস টু ফেস মোডে সম্পন্ন করেছেন এবং সরকারি অর্থে একটি বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণরত অবস্থায় অবৈধভাবে একই সাথে অন্য একটি বৈদেশিক শিক্ষা কার্যক্রম অংশগ্রহণ করেছেন। যে কারণে ১ম কোর্স অসমাপ্ত হওয়ায় সরকারি অর্থের অপচয় হয়েছে;

যেহেতু, ১ম কোর্স অসমাপ্ত হওয়ায় প্রশিক্ষণার্থীর হিসেবে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করা হয় যেখানে বলা হয় যে, প্রশিক্ষণার্থী ইউএনএমসির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার মাধ্যমে M A in Education এর পুরো কোর্স সম্পন্ন করবেন এবং এর ব্যত্যয় হলে গ্রহণকৃত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবে। তাঁর বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করলে তার কোন আপত্তি থাকবে না। তিনি চলমান একটি বৈদেশিক কোর্সে অংশগ্রহণ করে তা সম্পন্ন না করে তথ্য গোপন করে অন্য একটি বৈদেশিক শিক্ষা কার্যক্রম অংশগ্রহণ করেছেন যা সরকারি কর্মচারী শৃঙ্খলা বিধিমালার সুস্পষ্ট লঙ্ঘন।

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে তাঁর উক্তরূপ কার্যকলাপ শৃঙ্খলা ও আচরণ পরিপন্থী যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

[signature] ০৮/৭/২০২০

(মোঃ মাহবুব হোসেন)
সচিব